দৈনিক ইনকিলাব

65

তারিখ 26 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 2

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ডাকসু নির্বাচনে ২০টি পদে আড়াই শতাধিক প্রার্থী

॥ স্টাফ রিপোর্টার ॥

আসন্ন ডাকসু নির্বাচনে গতকাল বিভিন্ন ছাত্র জোট ও সংগঠনের পক্ষ থেকে মনোনয়ন পত্র জমা দেয়া হয়েছে। ডাকসুর ২০টি পদে আড়াই শতাধিক প্রার্থীর মনোনয়নপত্র জমা পড়েছে। বিভিন্ন ছাত্র সংগঠনের ১২টি প্যানেল এবারের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। গতকাল বিকেল থেকেই মনোনয়নপত্র-বাছাইয়ের কাজ শুরু হয়েছে। আজ প্রার্থীদের নাম প্রকাশ করা হবে।

এদিকে ডাকসু ও হল সংসদের নির্বাচনকে সামনে রেখে ছাত্র সংগ্রাম পরিষদ চার খণ্ডে বিভক্ত হয়ে পড়েছে। এই পরিষদ ডাকসু নির্বাচনে ঐক্যবদ্ধ প্যানেল তৈরীর ব্যাপারে দীর্ঘ আলোচনা ও বেশ কয়টি বৈঠক করলেও কোন ফল হয়নি। বরং ক্যাটাগরী ফর্মুলাই এদের ঐক্যকে বিনাশ করে দিয়েছে।

ছাত্র সংগ্রাম পরিষদভুক্ত সংগঠনগুলোর মধ্যে ছাত্র লীগ (সু-র), ছাত্র লীগ (মু-না), ছাত্র ইউনিয়ন, জাতীয় ছাত্র লীগ, ছাত্র মৈত্রী এবং ছাত্র ঐক্য সমিতি

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## ডাকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

সম্মিলিতভাবে সুলতান মুহাম্মদ মনসুর আহমদকে ভিপি এবং মুশতাক হোসেনকে জিএস পদে দাঁড় করিয়েছে। ডাকসুর সাবেক ভিপি আখতারুজ্জামানের আশীর্বাদপুষ্ট ৩টি ছাত্র সংগঠন ছাত্র লীগ (আ-মো), জাতীয় ছাত্র ইউনিয়ন ও ছাত্র ঐক্য ফোরাম (আহসান তপুতী)-এর ভিপি, জিএস হলেন যথাক্রমে আবেদ রাজা ও হামিদ রানা। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ভিপি, ও জিএস হলেন মোস্তফা ফারুক ও বজলুর রশীদ ফিরোজ। আখতার সোবহান মশরুর ও জসিম উদ্দিন গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের ভিপি, জিএস পদে মনোনয়ন পেয়েছেন। ছাত্র সংগ্রাম পরিষদের এই ভাঙ্গনের পরেও মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ সময়ের আগে প্যানেল প্রশ্নে সমঝোতার আরেকটি শেষ চেষ্টা করা হবে— এমন ধরনের আশাবাদ ব্যক্ত করলেন শরীফ সংগঠনের একজন নেতা। উল্লেখ্য, আগামী ২৯ জানুয়ারী মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন।

অপরদিকে জাতীয়তাবাদী ছাত্র দল সংগঠনের সাবেক সভাপতি শামসুজ্জামান দুদুকে ভিপি এবং বর্তমান সভাপতি আসাদুজ্জামান রিপনকে জিএস মনোনীত করে ডাকসুসহ হল সংসদগুলোতে পূর্ণ প্যানেল দাখিল করেছে।

গণতান্ত্রিক ছাত্র লীগ ও জাগপা সমর্থিত ছাত্র লীগের যৌথ প্যানেলে ভিপি ও জিএস হলেন যথাক্রমে আবুবকর ও মঈনুদ্দীন। জাসদ (রব) সমর্থক ছাত্রলীগ (বজলু-আজম)-এর ভিপি, জিএস হলেন যথাক্রমে শাহ-ই-আজম ও শেখ আনসারুল হক রেজা।

ছাত্র বিপ্লবী মঞ্চ, জাতীয় ছাত্র দলের যৌথ প্যানেলের ভিপি, জিএস হলেন খোন্দকার মোখলেছুর রহমান ও আ, জ, ম, খান মজলিস। শামসুল ইসলামকে ভিপি এবং আমিনুল ইসলাম মুকুলকে জিএস করে ইসলামী ছাত্র শিবির প্যানেল দাখিল করেছে। ছাত্র ফেডারেশনের ভিপি, জিএস হলেন ফয়জুল হাকিম ও সরদার ফারুক। ইসলামী ছাত্র আন্দোলন ওবায়েদ-মঈনুল পরিষদ করে নির্বাচনে অংশ নিয়েছে। এছাড়া বিএনপি (ওবায়েদ) সমর্থক ছাত্র সংগঠন কামাল আহমদকে ভিপি ও আবুল বাসার লস্করকে জিএস করে আকস্মিক ভাবে সলিমুল্লাহ হলে একটি ডাকসু নির্বাচনের প্যানেল জমা দিয়ে গেছে।

ডাকসু নির্বাচনকে কেন্দ্র করে ৫ দলভুক্ত ছাত্র সংগঠনগুলোও এখন আর এক জায়গায় নেই। এদের একটি ছাত্র সংগঠন নিষ্ক্রিয় থাকলেও অপরগুলো ৪ ভাগে বিভক্ত হয়ে নির্বাচনে অংশ নিয়েছে।

ছাত্র দলের মনোনীত ক্রীড়া সম্পাদক পদ প্রার্থী মোহামেডানের জনপ্রিয় খেলোয়াড় কায়সার হামিদের সমর্থনে গতকালই ছাত্ররা ক্যাম্পাসে স্বতঃস্ফূর্তভাবে মিছিল বের করেছেন। মোহামেডানের অপর খেলোয়াড় মানিক সুলতান-মুশতাক পরিষদে ক্রীড়া সম্পাদক পদে প্রার্থী হয়েছেন।

ইসলামী ছাত্র শিবির (শফিক), ইসলামী ছাত্র সমাজসহ গুটিকয়েক ছাত্র সংগঠন রাজনৈতিক কারণে নির্বাচন থেকে বিরত রয়েছেন।